



স্মারক নং-ইআবি/পনি/কা/২০২৩/২০২৫/৬৭

তারিখ:-২৪/০২/২০২৫ খ্রি.

### পরীক্ষক আবেদন সংক্রান্ত বিজ্ঞপ্তি

এতদ্বারা ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত সকল কামিল মাদরাসার সংশ্লিষ্টদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, নিম্নোক্ত পরীক্ষা সমূহের উত্তরপত্র মূল্যায়নের জন্য দক্ষ ও অভিজ্ঞ পরীক্ষক নিয়োগ করা হবে।

ক্রম	পরীক্ষার নাম	বিভাগ	পরীক্ষকের ধরণ
১	কামিল স্নাতকোত্তর ১ম ও ২য় পর্ব পরীক্ষা-২০২৩	(১) হাদীস (২) তাফসীর (৩) ফিকহ (৪) আদব	১ম ও ২য় পরীক্ষক

সংশ্লিষ্ট বিষয়ে পাঠদানে অভিজ্ঞ অগ্রহী শিক্ষকদের আগামী ২৭/০২/২০২৫ খ্রি. থেকে ১২/০৩/২০২৫ খ্রি. তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.iau.edu.bd](http://www.iau.edu.bd)) পরীক্ষক ম্যানুতে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য দিয়ে অনলাইন ফরম পূরণ করতঃ স্ব-স্ব আবেদন সাবমিট করার জন্য অনুরোধ করা হলো।


পরীক্ষক আবেদনের নিয়মাবলীঃ

- বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে ([www.iau.edu.bd](http://www.iau.edu.bd)) এ প্রবেশ করে পরীক্ষক ম্যানুতে যাবেন।
- প্রয়োজনীয় তথ্য, ই-মেইল ও নতুন পাসওয়ার্ড দিয়ে সাইনআপ করবেন।
- সাইনআপকৃত ই-মেইল ও পাসওয়ার্ড দিয়ে লগইন করবেন।
- প্রয়োজনীয় তথ্য দিয়ে প্রোফাইল Page আপডেট করবেন।
- কামিল (স্নাতকোত্তর) পরীক্ষক ফর্মে তথ্য পূরণ করে Save বাটনে ক্লিক করে Save করুন।
- Save হওয়ার পর Reference Number সংরক্ষণ করুন।
- আবেদনটি পেঞ্জিং আকারে থাকবে পরবর্তীতে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ কর্তৃক ভেরিফাই বাটনে ক্লিক এর মাধ্যমে আবেদনটি চূড়ান্ত Submit হবে।

আবেদনকারীদের শর্তাবলী

- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় অধিভুক্ত সকল কামিল মাদরাসার অভিজ্ঞ শিক্ষকগণই শুধুমাত্র পরীক্ষক হওয়ার জন্য আবেদন করতে পারবেন।
- একজন পরীক্ষক কামিল (স্নাতকোত্তর) ১ম ও ২য় পর্ব পরীক্ষায় যে কোন ১ টি বিষয় কোডে ১ম অথবা ২য় পরীক্ষক হিসেবে আবেদন করবেন।
- হাদীস, তাফসীর, ফিকহ, আদব বিভাগের পাঠদানকারী নিদিষ্ট শিক্ষকরা স্ব-স্ব বিভাগে আবেদন করবেন।
- পদবী, চাকুরীর বয়স ও যোগ্যতা অনুযায়ী ১ম ও ২য় পরীক্ষক হিসেবে আবেদন করার জন্য বিনীত অনুরোধ রইল।
- মাদরাসা কর্তৃক সাময়িক অব্যাহতকৃত শিক্ষকগণ আবেদন করতে পারবেন না।
- অবসরগ্রহণ ও কামিল মাদরাসা থেকে ফাজিল মাদরাসায় কর্মরত শিক্ষকগণ আবেদন করতে পারবেন না।
- আবেদনকারীর অবশ্যই অগ্রণী ব্যাংকে একাউন্ড থাকতে হবে।
- ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় কর্তৃক অব্যাহতি প্রাপ্ত শিক্ষকবৃন্দের আবেদন গ্রহণ যোগ্য নয়।
- ইতোপূর্বে কামিল ১ম ও ২য় পর্ব বিগত পরীক্ষাগুলোতে যারা পরীক্ষক হয়েছেন তাদের নতুন করে আবেদন করতে হবে।
- স্ব-স্ব মাদরাসা অধ্যক্ষের মাধ্যমে ([www.iau.edu.bd](http://www.iau.edu.bd)) এ প্রবেশ করে পরীক্ষক মেনুতে গিয়ে আবেদনটি ভেরিফাই করতে হবে।
- কোন পরীক্ষক ভুল তথ্য প্রদান করলে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ সম্পূর্ণ দায় বহন করবেন।
- সংশ্লিষ্ট কামিল মাদরাসার প্রভাষকগণ শুধুমাত্র ১ম পরীক্ষক হিসেবে আবেদন করবেন।
- যে কোন তথ্যের জন্য কামিল শাখার মোবাইল নম্বর ০১৭২৪-০৯৩৪৫৬, ০১৯১৭-৩৬৪৯৫৮, ০১৭৪৫-৪১৭১২৫ ও আইসিটি শাখার মোবাইল নম্বর ০১৭০৯৩৮৯০০৭।

বিঃদ্রঃ একাধিক বিষয়ে আবেদন গ্রহণযোগ্য নয়। আবেদন ফরমে ভুল তথ্য প্রদান করলে আবেদন বাতিল বলে গণ্য হবে।

  
২৪/০২/২৫

মো: সালাহ উদ্দিন

সহকারী পরীক্ষা নিয়ন্ত্রক

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়, ঢাকা।